

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
পবা, রাজশাহী।  
ওয়েবসাইট: seo.paba.rajshahi.gov.bd

স্মারক নং- ৩৭.০২.৮১৭২.০০০.৯৯.০০১.১৯.৪১

তারিখঃ ০৫/০৪/২০২৬ খ্রিঃ।

বিষয়ঃ ৪৭ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন উপলক্ষে মেলা, কুইজ এবং বিজ্ঞান অলিম্পিয়াড এ অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, অত্র উপজেলা প্রশাসন কর্তৃক ৪৭ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন উপলক্ষে ৪৭তম বিজ্ঞান মেলা, ১০ম বিজ্ঞান বিষয়ক কুইজ (দলগত) এবং ১০ম বিজ্ঞান অলিম্পিয়াড অনুষ্ঠিত হবে। ৪৭তম বিজ্ঞান মেলায় অংশগ্রহণকারীগণ তিনটি গ্রুপে (জুনিয়র গ্রুপ: হাইস্কুল/সমমান ও স্কুল ভিত্তিক বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ, সিনিয়র গ্রুপ: কলেজ/সমমান ও কলেজ ভিত্তিক বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ, বিশেষ গ্রুপ: শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক বিজ্ঞান ক্লাব ব্যতীত অন্যান্য বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ, তরুণ ও অপেশাদার বিজ্ঞানীগণ, উদ্ভাবকগণ এবং ব্যক্তিগত পর্যায়ের সরকারি, আধাসরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান) বিভক্ত হবেন। ১০ম বিজ্ঞান অলিম্পিয়াডে দুটি গ্রুপে (জুনিয়র গ্রুপ: হাইস্কুল/সমমান এবং সিনিয়র গ্রুপ: কলেজ/সমমান) বিভক্ত হবেন) এবং ১০ম বিজ্ঞান বিষয়ক কুইজ (দলগত) প্রতিযোগিতায় শুধুমাত্র মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করবেন।

বিজ্ঞান মেলায় সিনিয়র ও জুনিয়র গ্রুপের একটি প্রকল্প একজন শিক্ষার্থী উপস্থাপন করবে তবে প্রকল্পের আকার বড় হলে অনধিক দুইজন শিক্ষার্থী উপস্থাপন করতে পারবে। বিশেষ গ্রুপের একটি প্রকল্প একজন ব্যক্তি উপস্থাপন করবে।

বিজ্ঞান অলিম্পিয়াডে প্রত্যেক গ্রুপে প্রতি শিক্ষা প্রতিষ্ঠান থেকে অনধিক ৫ জন শিক্ষার্থীর অংশগ্রহণ করতে পারবে।

কুইজে প্রতি শিক্ষা প্রতিষ্ঠান থেকে তিন জন শিক্ষার্থীর নিয়ে দল গঠিত হবে, দলীয়ভাবে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে, একটি প্রতিষ্ঠান থেকে একটি দল অংশগ্রহণ করতে পারবে।

বিজ্ঞান মেলা, বিজ্ঞান অলিম্পিয়াড এবং বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠান এবং শিক্ষার্থীর নামের তালিকা আগামী ০৬/০৪/২৬ খ্রি. তারিখের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের [useopaba@gmail.com](mailto:useopaba@gmail.com) ই-মেইল-এ জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

প্রতিপাদ্য বিষয়: “উদ্ভাবন নির্ভর বাংলাদেশ গঠনে বিজ্ঞান ও প্রযুক্তি”

অনুষ্ঠানসূচী:

ক্রমিক নং	বিষয়	গ্রুপ	তারিখ	সময়	স্থান
১	১০ম বিজ্ঞান অলিম্পিয়াড (একক) বিষয়ঃ পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, গণিত এবং আইসিটি থেকে মোট ১০০ টি (সকল বিষয় সমহারে) প্রশ্ন। সময়- ৬০ মিনিট	জুনিয়র এবং সিনিয়র	১২/০৪/২০২৬ খ্রিঃ	সকাল-১০.০০	পবা উপজেলা পরিষদ।
২	১০ম বিজ্ঞান বিষয়ক কুইজ (দলগত) বিষয়ঃ পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, গণিত এবং তথ্য প্রযুক্তি	মাধ্যমিক	১২/০৪/২০২৬ খ্রিঃ	সকাল-১১.০০	
৩	৪৭তম বিজ্ঞান মেলা	জুনিয়র, সিনিয়র এবং বিশেষ	১২/০৪/২০২৬খ্রিঃ এবং ১৩/০৪/২০২৬ খ্রিঃ	সকাল ০৯.০০- ২দিন ব্যাপী।	

০৫/০৪/২০২৬

(মো: সিদ্দিকুর রহমান)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (অ.দা)  
পবা, রাজশাহী।

E-mail: useopaba@gmail.com

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার

..... কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা/কারিগরী (সকল)  
পবা, রাজশাহী।